**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 18-08-24** **Desk in Charge :**

**Time : 7.50 P.M.** **Compiling :**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR কান্ড নিয়ে আজ'ও উত্তাল কলকাতা। # ইস্টবেঙ্গল ও মোহনবাগান সমর্থকদের জমায়েতের বিরুদ্ধে পুলিশী অভিযানকে কেন্দ্র করে সল্টলেক স্টেডিয়াম চত্ত্বর রণক্ষেত্র হয়ে ওঠে।

# পুলিশী আচরণের তীব্র বিরোধিতা করেছেন বিরোধীরা।

২/ সুপ্রিম কোর্ট, R G KAR হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনাকে স্বতঃপ্রণোদিতভাবে গ্রহণ করেছে। প্রধান বিচারপতির বেঞ্চে আগামী মঙ্গলবার এর শুনানি হবে।

৩/ আজ নিয়ে টানা তিনদিন R G KAR মেডিক্যাল কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে জিজ্ঞাসাবাদ করছে CBI ।

৪/ আগামীকাল রাখী পূর্ণিমা।

৫/ নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ২১ তারিখ পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা।

*****************************************************************************

RG KAR কান্ড নিয়ে আজ'ও উত্তাল কলকাতা। ডুরান্ড কাপের ডার্বি ম্যাচ বাতিলের প্রতিবাদে এবং চিকিৎসকের ধর্ষণ ও খুনের বিচার চেয়ে ইস্টবেঙ্গল ও মোহনবাগান সমর্থকদের জমায়েতের বিরুদ্ধে পুলিশী অভিযানকে কেন্দ্র করে

সল্টলেক স্টেডিয়াম চত্ত্বর আজ রণক্ষেত্র হয়ে ওঠে। বিধাননগর কমিশনারেটের ডিসি অনীশ সরকার সাংবাদিক বৈঠক করে জানিয়ে দিয়েছিলেন, আজ বিকেল চারটে থেকে রাত ১২ টা পর্যন্ত সল্টলেক স্টেডিয়াম চত্ত্বরে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা- BNSS-এর ১৬৩ ধারা জারি করা হয়েছে। ভারতীয় দন্ডবিধিতে যা ছিল ১৪৪ ধারা। কিন্তু নিষেধাজ্ঞা মানেননি লাল-হলুদ, সবুজ-মেরুণ সমর্থকরা। আমাদের ক্রীড়া প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভিসি- অরিজিত দত্ত )

মিছিল আটকাতে যদি এত পুলিশ দেওয়া যায়, তাহলে ডার্বি ম্যাচ করানো গেলনা কেন, এই প্রশ্ন তুলেছেন CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

(বাইট- সেলিম )

SUCI কমিউনিস্ট'ও শান্তিপূর্ণ ক্রীড়াপ্রেমীদের ওপর পুলিশের লাঠি চালনার তীব্র নিন্দা করেছে। দোষী পুলিশ কর্মীদের শাস্তির দাবী জানিয়েছেন দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য।

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার'ও সল্টলেক স্টেডিয়ামের সামনে ক্রীড়াপ্রেমীদের ওপর পুলিশের দমন-পীড়নের কড়া সমালোচনা করেছেন।

(বাইট- সুকান্ত )

অন্যদিকে, বিধাননগর পুলিশের ডিসি অনীশ সরকার সাংবাদিকদের জানিয়েছেন, নির্দিষ্ট গোয়েন্দা খবরের ভিত্তিতেই ডার্বি ম্যাচ বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়।

(বাইট- অনীশ )

ডার্বি ম্যাচ বাতিল এবং আর জি কর কান্ডের প্রতিবাদে হাওড়ার কদমতলা বাসস্ট্যান্ড থেকে পাওয়ার হাউস পর্যন্ত আজ মিছিল করেন ইস্টবেঙ্গল ও মোহনবাগান সমর্থকরা।

************************

রাজ্যের পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে রাজ্যসভার সাংসদ, বিজেপির রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেছেন, ফুটবল কলকাতার প্রাণ। ক্রীড়াপ্রেমীদের কাছ থেকে যদি ফুটবলকে কেড়ে নেওয়া হয়, তাহলে এর থেকে দুর্ভাগ্যজনক পরিস্থিতি আর কিছু হতে পারে না। তবে জোর করে কণ্ঠরোধ করা যায় না।

**********************

কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জায়গায় আজ'ও আর জি কর কান্ডের প্রতিবাদে পথে নেমেছেন অসংখ্য মানুষ। জুনিয়ার ডাক্তাররা বৃষ্টি মাথায় নিয়ে কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজার পর্যন্ত মিছিল করেন। ডেমক্র্যাটিক রিসার্চ স্কলার্স অর্গানাইজেশন'ও এতে পা মেলায়।

টালিগঞ্জ স্টুডিও পাড়ার অভিনেতা- অভিনেত্রী ও কলাকুশলীরাও ন্যায়ের দাবীতে মিছিল করেন।

আর জি কর হাসপাতালের সামনে জমায়েত নিষিদ্ধ করে পুলিশী নির্দেশের কড়া সমালোচনা করেছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

(বাইট- অধীর )

**********************

সুপ্রিম কোর্ট, R G KAR হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনাকে স্বতঃপ্রণোদিতভাবে গ্রহণ করেছে। আজ দুপুরে মামলাটি নথিভুক্ত হয়।

প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আগামী মঙ্গলবার মামলাটির শুনানি হবে। ৯'ই আগস্ট সকালে হাসপাতলের সেমিনার রুমে ওই PGT চিকিৎসক তরুণীর মৃতদেহ পাওয়া যায়। অভিযুক্ত এক সিভিক ভলেন্টিয়ারকে পরের দিন গ্রেপ্তার করা হয়। পুলিশী তদন্তে অসন্তোষ প্রকাশ করে ১৩'ই আগস্ট ঘটনার তদন্তভার CBI-এর হাতে তুলে দেয় কলকাতা হাইকোর্ট।

**********************

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রয়োজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ আগামীকাল ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো রয়েছে।

************************

RG KAR কান্ডের তদন্তে টানা তিনদিন প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে জিজ্ঞাসাবাদ করছে CBI । গতকাল ১৩ ঘণ্টার বেশী এবং শুক্রবার ১০ ঘন্টা তাঁকে জেরা করা হয়। আজ বেলা ১১'টার আগেই সল্টলেকের CGO কমপ্লেক্সে হাজির হন সন্দীপ । এখনো বেরোননি তিনি।

অন্যদিকে, চিকিৎসক ধর্ষণ ও খুনে ধৃত একমাত্র অভিযুক্ত সঞ্জয় রায়ের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত এক ASI-কে আজ জিজ্ঞাসাবাদ করেছেন তদন্তকারীরা। সশস্ত্র পুলিশ বাহিনীর ফোর্থ ব্যাটেলিয়ানের ব্যারাকে ওই ASI–এর ঘরেই সঞ্জয় থাকতো বলে খবর। এছাড়া, নিহতের দুই সহপাঠিকেও জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

************************

তৃণমূল কংগ্রেসের শাসনাধীন পশ্চিমবঙ্গ নারী-বিরোধী, যুব-বিরোধী এবং গণতন্ত্র-বিরোধী বলে বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা মন্তব্য করেছেন।

এক্স হ্যান্ডেলে তিনি বলেছেন, মুখ্যমন্ত্রী রাজ্যের মানুষের আশা-আকাঙ্খা পূরণে ব্যর্থ। এমন একটি প্রশাসনের তিনি প্রধান, যারা কোনোরকম আইন কানুনের তোয়াক্কা না করে লুঠপাট চালিয়েছে। মুখ্যমন্ত্রীর লৌহকঠিন মুষ্টিতে মরচে ধরেছে বলেও তাঁর পোস্টে মন্তব্য করেছেন শ্রী নাড্ডা।

**********************

বিজেপি, RG KAR-এর ঘটনায় কলকাতার পুলিশ কমিশনারের অপসারণ দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার অভিযোগ করেন, নির্যাতিতার শরীরে কোন আঘাতের চিহ্ন নেই বলে পুলিশ কমিশনার দাবি করেছিলেন। একজন পুলিশ কমিশনার হয়ে মৃতার শরীরে আঘাতের চিহ্ন চিনতে না পারলে তার ওই পদে থাকা উচিত নয়। পুলিশ কমিশনার বিষয়টি আড়াল করার চেষ্টা করছেন। তাই অবিলম্বে তাকে অপসারণ এবং গ্রেফতার করা উচিত। তিনি অভিযোগ করেন, স্বাস্থ্য ভবন দুর্নীতির কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। স্বাস্থ্য ভবন থেকেই বিভিন্ন মেডিকেল কলেজে দুর্নীতি পরিচালিত হয়। তাই তারা এই দুর্নীতি নির্মূল করতে সিবিআইকে আবেদন জানাবেন।

আরজিকরের ঘটনার প্রতিবাদে উত্তর কলকাতায় বিজেপি আজ মিছিল করে। দলের রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল এই মিছিলে নেতৃত্ব দেন।

**********************

সুপ্রিম কোর্ট, R G KAR হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনাকে স্বতঃপ্রণোদিতভাবে গ্রহণ করেছে। আজ দুপুরে মামলাটি নথিভুক্ত হয়।

প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আগামী মঙ্গলবার মামলাটির শুনানি হবে। ৯’ই আগস্ট সকালে হাসপাতলের সেমিনার রুমে ওই PGT চিকিৎসক তরুণীর মৃতদেহ পাওয়া যায়। অভিযুক্ত এক সিভিক ভলেন্টিয়ারকে পরের দিন গ্রেপ্তার করা হয়। পুলিশী তদন্তে অসন্তোষ প্রকাশ করে ১৩’ই আগস্ট ঘটনার তদন্তভার CBI-এর হাতে তুলে দেয় কলকাতা হাইকোর্ট।

**********************

R G KAR-এর ঘটনায় প্রাক্তন অধ্যক্ষ এবং পুলিশ কমিশনারকে CBI-এর হেফাজতে নিয়ে জেরা করা উচিৎ বলে এক্স হ্যান্ডেলে তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ সুখেন্দু শেখর রায়ের মন্তব্য, দলের ভেতরেই বিতর্কের সৃষ্টি করেছে। তিনি

লিখেছেন, আত্মহত্যার গল্প কে এবং কেন ছড়িয়েছিল, সেমিনার হলের দেয়াল ভাঙা হল কেন, কার পৃষ্ঠপোষকতায় সঞ্জয় রায় এত বেশী ক্ষমতাবান হয়ে উঠেছিল, ঘটনার তিনদিন পর পুলিশ কুকুর আনা হয়েছিল কেন-এরকম অনেক প্রশ্নের জবাব দিতে হবে তাদের। এদিকে, তিনদিন পর পুলিশ কুকুর কাজে লাগানোর তথ্য ঠিক নয় বলে জানিয়ে প্রবীণ সাংসদকে আজ বিকেলে লালবাজারে ডেকে পাঠায় কলকাতা পুলিশ। যদিও সুখেন্দু বাবুর দাবী, পুলিশের কোনো নোটিস তিনি পাননি।

তৃণমূল সাংসদের বক্তব্যের সমালোচনা করে দলের নেতা কুণাল ঘোষ এক্স হ্যান্ডেলে বলেছেন, RG KAR কান্ডের বিচার তিনিও চান, কিন্তু পুলিশ কমিশনারকে CBI হেফাজতে নিয়ে জেরা করার দাবীর তীব্র বিরোধিতা করছেন তিনি।

************************

আগামীকাল রাখি পূর্ণিমা। এই উপলক্ষে রাজ্য সরকার এবং বিভিন্ন সংগঠনের উদ্যোগে রাখি বন্ধন উৎসবের আয়োজন করা হয়েছে। ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের উদ্যোগে রাজ্যের ৩৪৫টি টি ব্লক, ১১৯ টি পৌরসভা, সাতটি পুর নিগম ছাড়াও পাহাড়ে জিটিএ এলাকায় রাখি বন্ধন উৎসবের আয়োজন করা হয়েছে।
রাজ্যের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে। উপস্থিত থাকবেন মন্ত্রী অরূপ বিশ্বাস এবং প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি।

************************

নিম্নচাপ, ঘূর্ণাবর্ত ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে, দক্ষিণবঙ্গের বেশীরভাগ জেলায় ২১শে আগস্ট পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা। আজ ভারী থেকে অতিভারী বৃষ্টি হচ্ছে কলকাতা, দুই ২৪ পরগণা, হাওড়া, হুগলী, নদীয়া ও পূর্ব বর্ধমান জেলার দু-একটি জায়গায়।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, আগামীকাল’ও ভারী বৃষ্টির সতর্কতা থাকছে।

(বাইট- সৌরিশ )

**********************************************************